দৈনিক ইত্তেফাক

তারিখ .. 18 FEB 1993
পৃষ্ঠা··· ১২ ···কলাম··· ৮ ···

৭

২১১

# আজ শিক্ষক দিবস

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ আজ বৃহস্পতিবার মহান শিক্ষক দিবস। ১৯৬৯ সালের ১৮ই ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয়ের তৎকালীন প্রক্টর এবং রসায়ন বিভাগের শিক্ষক ডঃ শামসুজ্জোহা ছাত্রদের পাকিস্তানী সেনাবাহিনীর গুলী হইতে বাঁচাইতে গিয়া গেটের সামনে গুলীবিদ্ধ হইয়া শহীদ হন। শিক্ষকদিবস উপলক্ষে রসায়ন বিভাগ অন্যান্য বছরের ন্যায় বিস্তারিত কর্মসূচী গ্রহণ করিয়াছে। ইহার মধ্যে রহিয়াছে পুষ্পমাল্য অর্পণ, পদযাত্রা, স্মারক বক্তৃতা, আলোচনা সভা ও মিলাদ মাহফিল। সিনেট ভবনে অনুষ্ঠিতব্য সকাল ১০টার স্মারক বক্তৃতার এইবারের বক্তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ফজলুল হালিম চৌধুরী। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ; রাকসু, শিক্ষক সমিতি ও অফিসার সমিতিও পৃথক কর্মসূচী গ্রহণ করিয়াছে।